



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬৩৮০/৫৪৭

তারিখ : ২৮-০৯-২০২২

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর এর ২২-০৯-২০২২ খ্রি. তারিখের  
উমাশিকা/কেশব/যশোর/২০২২/৩৫৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ঘোষিত তফসিল অনুযায়ী শিক্ষক প্রতিনিধি পদে মনোনয়নপত্র দাখিলকারী ০২ (দুই) জন প্রার্থী জনাব মো: নজরুল ইসলাম এবং জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কর্তৃক অর্থ দণ্ডে দণ্ডিত হওয়ায় উক্ত পদে থাকিবার যোগ্যতা বা অযোগ্যতা সম্পর্কে আইনগত মতামত চেয়ে চেয়ারম্যান মহোদয় বরাবর অনুরোধ করে আপনি পত্র প্রেরণ করেছেন। কিন্তু আপনি যথাযথ কর্তৃপক্ষের অর্থাৎ আপনার নিয়ন্ত্রণকারী বা রিটার্নিং কর্মকর্তার মাধ্যমে আবেদন করেননি। উল্লেখ্য, উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নির্বাচনে প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। ম্যানেজিং কমিটি নির্বাচনে প্রিজাইডিং অফিসার সর্বময় ক্ষমতার অধিকারী। প্রয়োজনে তিনি রিটার্নিং কর্মকর্তার সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এমতাবস্থায়, আপনাকে আপনার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা অর্থাৎ রিটার্নিং কর্মকর্তার সাথে পরামর্শ গ্রহণপূর্বক প্রবিধান-২০০৯ এর ১১ ধারা অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
কেশবপুর, যশোর।

স্বাঃ  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর  
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নং- বিঅ-৬/৬৩৮০/৫৪৭

তারিখ : ২৮-০৯-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, যশোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৬। প্রধান শিক্ষক, সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

২৮/০৯/২০২২  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

২৮/০৯/২০২২